

ঢাকা ওয়াসা


- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) ড্রয়িং।
- (৪) ক্যালকুলেশন।
- (৫) প্রাক্কলন।
- (৬) প্রতিবেদন।

বিষয়: “Construction of boundary wall with MS barbed wire fencing from PSTP entry gate to rail gate. (Lot-4)” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতা সম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুরে) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিলোমিটার অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডুস জোন এর আওতাধীন ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্রের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে (সংযুক্তি-৩) ৭ দফা নির্দেশনার মধ্যে ১নং নির্দেশনায় রায়ের কপি প্রাপ্ত হওয়ার দিন হতে পরবর্তী ২৪ মাসের মধ্যে লেগুন এলাকায় সীমানা দেয়াল নির্মাণ করার জন্য বলা হয়েছে এবং ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আনসার ও নিরাপত্তা রক্ষী নিয়োগ প্রদান করে সূষ্ঠ কার্যকর এবং নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বলা হয়েছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ঢাকা-নারায়ণগঞ্জ হাইওয়ে রোড সংলগ্ন মেইন গেইট হতে রেল গেইট পর্যন্ত প্রবেশ রাস্তার উত্তর-দক্ষিণ উভয় পার্শ্বে পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের জায়গা রয়েছে। তন্মধ্যে দক্ষিণ অংশের কিছু জায়গা ঢাকা স্যানিটেশন ইম্প্রুভমেন্ট প্রজেক্ট এর আওতাধীন বাস্তবায়নাধীন Package No: WD6A এর ঠিকাদারী প্রতিষ্ঠান CREC-4-ARIDOD JV কে ঢাকা ওয়াসা কর্তৃক ভাড়া দেওয়া হয়েছে। কিন্তু উত্তর দিকে জায়গাটি খোলা ও অরক্ষিত আছে। মেইন গেইটে সিকিউরিটি থাকলেও রেল গেইট দিয়ে নানা ধরনের লোকজন এই জায়গায় প্রবেশ করে চুরি/বিভিন্ন ধরনের অপকর্ম করে। পাগলা পয়ঃ শোধনাগারের নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বর্তমানে আলোচ্য স্থানে বাউন্ডারী ওয়াল ও বারবেড ওয়্যার ফেন্সিং নির্মাণ করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দর ও বর্তমান বাজার দরের ভিত্তিতে “Construction of boundary wall with MS barbed wire fencing from PSTP entry gate to rail gate. (Lot-4)” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৯,৯৮,০৮৯.৪৩৭ (চার লক্ষ আটানব্বই হাজার ঊননব্বই দশমিক চার তিন সাত) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের “বাউন্ডারী ওয়াল রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১১২, প্যাকেজ নং- W21 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১)(খ) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Construction of boundary wall with MS barbed wire fencing from PSTP entry gate to rail gate. (Lot-4)” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে Limited Tendering Method (LTM) এ দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৯,৯৮,০৮৯.৪৩৭ (চার লক্ষ আটানব্বই হাজার ঊননব্বই দশমিক চার তিন সাত) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “বাউন্ডারি ওয়াল রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০৫) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

সৈয়দ শাহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SE (WSTP)

৩৪/ ২০২৫

২২.০৭.২০২৫
(মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

X B A (PSTP)